

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১৭০.২০১৩-৩৪৬(ক)

তারিখ : ১৯ মার্চ ২০১৭

বিষয়: খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের ভাটপাড়া ফেরিঘাটের জরাজীর্ণ ফেরি, গ্যাংওয়ে ও পল্টুন পরিত্যক্ত ঘোষণাসহ নিলামে বিক্রয়ের অনুমতি প্রদান।

সূত্র: জেলা প্রশাসকে কার্যালয়, খুলনা এর স্মারক নং-৪৬.৪০.৪৭০০.০২৪.০৬.০১৪.১৭-৪২; তারিখ: ২৯ জানুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ০৩ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে ১৬১ নং স্মারকের অনুমোদন অনুযায়ী খুলনা জেলার ফুলতলা উপজেলা পরিষদের জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী ২টি ফেরি, ২টি পল্টুন ও ২টি গ্যাংওয়ে এর প্রাক্কলিত মূল্য ১৯,২২,০২৫.৩৮ (উনিশ লক্ষ বাইশ হাজার পঁচিশ টাকা আটত্রিশ পয়সা) টাকা হওয়ায় উক্ত প্রাক্কলিত মূল্যের পরিবর্তে ৭,৬০,০০০/- (সাত লক্ষ ষাট হাজার) টাকায় তা নিলামে বিক্রয়ের প্রস্তাবটি অনুমোদন করা গেলনা। একই সাথে ফুলতলা উপজেলা পরিষদের জরাজীর্ণ ও ব্যবহার অনুপযোগী ২টি ফেরি, ২টি পল্টুন ও ২টি গ্যাংওয়ে এর প্রাক্কলিত মূল্য ১৯,২২,০২৫.৩৮ (উনিশ লক্ষ বাইশ হাজার পঁচিশ টাকা আটত্রিশ পয়সা) টাকা অনুযায়ী এতদসংক্রান্ত সকল বিধি-বিধান/পরিপত্র/সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে নিলামে বিক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

J. A. Min
১৯/০৩/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
খুলনা।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলতলা, খুলনা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।